নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
Narayanganj City Corporation
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু সড়ক, নারায়ণগঞ্জ-১৪০০, বাংলাদেশ।
www.ncc.gov.bd


উন্নয়ণের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.৪৪.৬৭০০.০০৪.০০৬(২).২১-১৫/৯৯ তারিখঃ ২০/০৩/২০১৮ খ্রি.

**বিষয় ঃ "জনতার মুখোমুখি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন" অনুষ্ঠান এর প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৯/০১/২০১৮ খ্রিঃ তারিখে "জনতার মুখোমুখি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন" কর্মসূচীটি বাস্তবায়ন করা হয়। সে প্রেক্ষিতে একটি প্রতিবেদন প্রনয়ণ করা হয়েছে।

এমতাবস্থায়, প্রস্তুতকৃত প্রতিবেদনটি পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অত্রসাথ প্রেরণ করা হলো।

(এ,এফ,এম,এহতেশামুল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
ফোনঃ ৭৬৩৩৪২৩
e-mail: ceo@ncc.gov.bd

প্রকল্প পরিচালক
সিটি গভার্নেন্স প্রকল্প
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্য ঃ-**

১। পি এ টু মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নগরভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## জনতার মুখোমুখি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

অনুষ্ঠানের তারিখ ঃ ০৯-০১-২০১৮ খ্রি.।
অনুষ্ঠানের সময় ঃ বিকাল ০৩.০০ ঘটিকায়।
অনুষ্ঠানের স্থান ঃ জিমখানা উন্মুক্ত মঞ্চ প্রাঙ্গন।

উপস্থিত ছিলেন ঃ **ডাঃ সেলিনা হায়াৎ আইভী**
মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
এবং
এনসিসি'র কাউন্সিলরবৃন্দ।

জাইকার অর্থায়নে সিটি গভার্নেন্স প্রকল্প (সিজিপি) এর কার্যক্রম হিসাবে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন জনগনের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিদা নিশ্চিতকরণের লক্ষ্যে **"জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন"** অনুষ্ঠান আয়োজন করেন। এ কর্মসূচীতে কয়েক হাজার বিভিন্ন পেশা ও বয়সের সম্মানিত নাগরিক এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত হন। বিকাল ০৩.০০ ঘটিকায় মাননীয় মেয়র, কাউন্সিলরবৃন্দ ও সম্মানিত নাগরিকগণের আসন গ্রহণের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। উপস্থাপনা করেন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা এ,এফ,এম,এহতেশামূল হক। প্রথমেই কোরাম তেলোয়াত দিয়ে অনুষ্ঠান শুরু হয়। কোরান তেলোয়াত পাঠ করেন হাফেজ বাড়ী জাকারিয়া মিমন। অতঃপর পবিত্র গীতা পাঠ করেন রাম দাশ আচার্য্য এবং জাতীয় সংগীত পর্দশন করেন শিল্পকলা একাডেমীকের শিক্ষার্থীরা।

এ অনুষ্ঠানে উপস্থাপক বলেন যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ও কাউন্সিলরবৃন্দ গত বছরের এই দিনে দায়িত্ব গ্রহণ করেন। দায়িত্ব গ্রহণের বর্ষপূর্তি উপলক্ষ্যে মাননীয় মেয়র ও তাঁর পরিষদ বিগত ১ বছরের কর্মকান্ডকে যাচাই করা, আগামী দিনের চাহিদা ও পরামর্শ গ্রহণের জন্য এ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নিয়মিত নাগরিক সেবা ও উন্নয়ণের পাশাপাশি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ডিজিটাল সোনার বাংলা গড়ার জন্য বদ্ধ পরিকর। সে লক্ষ্যে নিয়মিত কর্মকান্ডের পাশাপাশি আধুনিক ও প্রযুক্তি নির্ভর নাগরিক সেবা প্রদান করছে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের আগামী পরিকল্পনা ভিত্তিক নিম্নরূপঃ

- Word Wise এক্সেস টু ইনফরমেসন স্থাপন।
- Online এ লেনদেন।
- বহুতল বিশিষ্ট মার্কেট নির্মাণ- NCC'কে সাবলম্বি করার জন্য।
- আগে আসলে আগে পাবেন ভিত্তিতে ফ্ল্যাট বিতরন।
- ট্যাক্স আদায়ের জন্য সকলের সহযোগিতা কামনা।
- দারিদ্র বিমোচনের জন্য ক্ষুদ্র ঋণ প্রদান করা।
- PPP এর মাধ্যমে পার্ক নির্মাণ।
- খেলাধুলার মাঠ, জলাশয় সংরক্ষন ও কমিউনিটি সেন্টার নির্মাণ।
- স্বাস্থ্য সম্মত অবকাঠামো নির্মাণের জন্য Open Space নির্মাণ।
- মা ও শিশুর জন্য Hospital নির্মাণ।

- কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য জমি একোয়ার করে ডাম্পিং গ্রাউন্ড নির্মাণ।
- শীতলক্ষ্যার উপর একাধিক ব্রীজ নির্মাণ ।
- সড়ক ও ড্রেন উন্নয়ণ।
- প্রত্যেক রাস্তায় সড়ক বাতি স্থাপন।

এ পর্যায়ে জনগনের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিদা নিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠানের মূল পর্ব "প্রশ্নোত্তর পর্ব" শুরু হয়।

**অংশগ্রহণকারী -১ঃ জনাব শুক্কুর মাহমুদ, সভাপতি, জাতীয় শ্রমিক লীগ।**

**প্রশ্নঃ-** ক) শীতলক্ষ্যা নদীর পানি পরিষ্কার করণ এবং সিমেন্ট কারখানার বিরুদ্ধে অভিযোগ?

খ) সিমেন্ট ফ্যাক্টরীগুলো নদী দখল করছে, এর বিরুদ্ধে কোন পদক্ষেপ গ্রহণ করা হবে কিনা?

গ) হোল্ডিং ট্যাক্স কমানোর দাবী জানান।

**জবাবঃ-** উপরোক্ত প্রশ্নসমূহের জবাবে মাননীয় মেয়র ডাঃ সেলিনা হায়াৎ আইভী বলেন যে, আপাতত হোল্ডিং ট্যাক্স কমানো সম্ভব নয়। কারন হোল্ডিং ট্যাক্সের রেট/হার নির্ধারন করে বাংলাদেশ সচিবালয়। তিনি আরো বলেন সিমেন্ট ফ্যাক্টরী স্থাপনের অনুমতি নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন প্রদান করে না এবং আমার দায়িত্বকালীন সময়ে কোন সিমেন্ট ফ্যাক্টরী নির্মাণ হয়নি। এ সকল সিমেন্ট ফ্যাক্টরীসহ অন্যান্য শিল্প প্রতিষ্ঠানের কারনে শীতলক্ষ্যা নদীর পানি দূষিত হচ্ছে। এ বিষয়ে সভার আয়োজনসহ পরিবেশ অধিদপ্তরকে পত্র প্রদান করা হয়েছে। আশা করি শিল্প প্রতিষ্ঠানসহ সকল সরকারী প্রতিষ্ঠান আন্তরিক হলে নদী দূষন কমানো সম্ভব হবে। এ বিষয়ে তিনি উপস্থিত সকল নাগরিকবৃন্দকে সচেতন ও দায়িত্বশীল ভূমিকা পালনের অনুরোধ জানান।

**অংশগ্রহণকারী -২ঃ জনাব তোফাজ্জল হোসেন, সম্পাদক, দৈনিক ইয়াদ।**

**প্রশ্নঃ-** সিদ্ধিরগঞ্জ এবং বন্দরে আলী আহাম্মদ চুনকা পাঠাগারের মত পাঠাগার প্রয়োজন?

**জবাবঃ-** সিদ্ধিরগঞ্জ ও কদমরসূল এলাকায় আধুনিক পাঠাগার নির্মাণের পরিকল্পনা রয়েছে। কিন্তু সিদ্ধিরগঞ্জ অঞ্চলে সিটি কর্পোরেশনের যথেষ্ঠ পরিমান ভূমি না থাকাতে পরিকল্পনাটি বাস্তবায়ন করা কঠিন হচ্ছে। কদমরসূল অঞ্চলে ইতোমধ্যে পাঠাগার ও কমিউনিটি সেন্টার নির্মাণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

**অংশগ্রহণকারী -৩ঃ জনাব মামুন মিয়া, ১৬ নং ওয়ার্ডের বাসিন্দা।**

**প্রশ্ন ঃ-** ১৬ নং ওয়ার্ডে কোন উন্নয়ণ মূলক কাজ হয়নি কেন?

**জবাবঃ-** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ১৬ নং ওয়ার্ডে কোন উন্নয়ণ মূলক কাজ করা হয়নি, এ অভিযোগ সত্য নয়। কারন আমরা আজকে যে স্থানে দাঁড়িয়ে অনুষ্ঠানটি করছি, এখানে ১৬ কোটি টাকা ব্যয় করে পার্ক নির্মাণ, জলাশয় পূনঃখনন ও সৌন্দর্য্যবর্ধনের কাজ চলমান রয়েছে। এছাড়াও বাবুরাইল খাল পূনঃখনন, সৌন্দর্য্যবর্ধন ও দুই পাশে ওয়াক-ওয়ে নির্মাণের কাজ চলমান রয়েছে। এছাড়াও এ ওয়ার্ডে একটি নগর স্বাস্থ্য কেন্দ্র, আলী আহাম্মদ চুনকা পাঠাগার ও সড়ক সংস্কারের কাজ সমাপ্ত হয়েছে।

**অংশগ্রহণকারী -৪ঃ জনাব রাজিয়া সুলতানা, সিডিসির দলনেত্রী।**

**প্রশ্নঃ-** পানির কল দেয়া হয়েছে, কিন্তু সেগুলো মালিকানাধীন হয়ে যাচ্ছে। এর বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান?

২৯৭

জবাবঃ- নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে চলমান নগর অংশীদারিত্বের মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ প্রকল্প (UPPRP) এর মাধ্যমে বিশুদ্ধ খাবার পানি সরবরাহের জন্য সাব-মার্সিবল স্থাপন করা হয়েছে। প্রকল্পের শর্তানুযায়ী আশেপাশের এলাকার সকল সদস্যকে পানি সরবরাহ করা বাধ্যতামূলক। যদি কোন সদস্য সাব-মার্সিবল এর পানি সঠিকভাবে বিতরন না করে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর/বস্তি উন্নয়ণ কর্মকর্তার নিকট সুনিদিষ্টভাবে অভিযোগ করার জন্য অনুরোধ জানান। সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর/বস্তি উন্নয়ণ কর্মকর্তা বিষয়টি সরেজমিনে পরিদর্শন করে সমাধান করবেন। যদি কোন ওয়ার্ড কাউন্সিলর/বস্তি উন্নয়ণ কর্মকর্তা এ বিষয়টি সমাধানে ব্যর্থ হয় অথবা সমাধানের আগ্রহ প্রদর্শন না করে, সেক্ষেত্রে মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন অবহিত করার পরামর্শ প্রদান করেন।

**অংশগ্রহণকারী -৫ঃ এড. প্রদীপ ঘোষ বাবু, সাবেক সভাপতি, সম্মিলিত সাংস্কৃতিক জোট।**

**প্রশ্নঃ-** ১। যানযট নিরোসন ও অবৈধ রিক্সা চলাচল বন্ধ করার দাবী জানান।

**জবাবঃ** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভী বলেন যে, শহরে কিছু অবৈধ রিক্সা চলাচল করছে এবং এ সকল অবৈধ রিক্সার জন্য যানযট সৃষ্টি হচ্ছে। তাই প্রায়শই নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন অবৈধ রিক্সা আটক করে। কিন্তু শহরের যানযটের মূল কারন অবৈধ ফুটপাত দখল, রেজিস্ট্রেশন বিহীন গাড়ি, যত্রযত্র সিএনজি স্ট্যান্ড, বাসস্ট্যান্ড, ট্রাকস্ট্যান্ড ও ইজি বাইক স্ট্যান্ড। এসকল অবৈধ হকার, রেজিস্ট্রেশন বিহীন গাড়ি ও অবৈধ স্ট্যান্ড এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তরের প্রতি অনুরোধ জানান এবং শহরের যানযট নিরোসনের জন্য এ সকল কার্যক্রমে সার্বিক সহায়তা করার অঙ্গীকার ব্যক্ত করেন।

**অংশগ্রহণকারী -৬ঃ জনাব মোঃ রাসেল, ২৮ এসও রোড, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ-** ১। বর্জ্য অপসারন ও যানযট নিরোসনের কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবী জানান।

**জবাবঃ** এ বিষয়ে মাননীয় মেয়র বলেন যে, যানযট নিরোসনের বিষয়ে ইতিপূর্বে আমি বক্তব্য রেখেছি। সুতরাং সময়ের বিবেচনা করে এ বিষয়ে আর কথা বলতে চাই না। অতঃপর তিনি বর্জ্য সংগ্রহ ও ব্যবস্থাপনা বিষয়ে বলেন যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন স্বল্প জনবল ও বিভিন্ন সীমাবদ্ধতাকে মোকাবেলা করে নাগরিক সেবা প্রদান করছে। অন্যান্য সেবা প্রদানের ক্ষেত্রে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন সফল বলে তিনি দাবী করেন। তাই বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমটি অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ইতিমধ্যে পঞ্চবটি এলাকায় কম্পোস্ট প্লান্ট নির্মাণ করেছে। নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় প্রতিদিন সাড়ে তিনশত মেট্রিক টন ময়লা-আবর্জনা উৎপন্ন হয়। এ বিপুল পরিমান ময়লা আবর্জনা সঠিকভাবে ডিজপোজালের জন্য কম্পোস্ট প্লান্ট এর পাশাপাশি জালকুড়ি এলাকায় ২৪ একর ব্যাপী একটি স্থায়ী ডাম্পিং গ্রাউন্ড নির্মাণের কাজ চলমান রয়েছে। এ প্রকল্পটি ইতিমধ্যে মাননীয় প্রধানমন্ত্রী অনুমোদন দিয়েছে। এজন্য তিনি নারায়ণগঞ্জবাসীর পক্ষে মাননীয় প্রধানমন্ত্রীকে কৃতজ্ঞতা ও ধন্যাবাদ জ্ঞাপন করেন। তিনি আশা প্রকাশ করেন যে, এ প্রকল্প বাস্তবায়ন হলে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন অন্যান্য নাগরিক সেবা প্রদানের মতো ময়লা-আবর্জনা সংগ্রহ ও ব্যবস্থাপনা কার্যক্রমটি সফলভাবে করতে পারবে।

**অংশগ্রহণকারী -৭ঃ জনাব মোঃ আবুল হোসেন, ৬৭ পশ্চিম দেওভোগ, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ** কদমরসূল অঞ্চলের মতো নারায়ণগঞ্জ অঞ্চলে সড়ক বাতি লাগানো হবে কিনা?

**জবাবঃ** এ বিষয়ে মাননীয় মেয়র বলেন যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সকল অঞ্চল, সকল এলাকা ও সকল সড়কে এলইডি বাতি স্থাপনের পরিকল্পনা গ্রহণ করেছে এ পরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসাবে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন একটি প্রকল্প প্রনয়ণ করেছে, ২০১৮-১৯ অর্থ বছরে এ প্রকল্প বাস্তবায়ন হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

**অংশগ্রহণকারী -৮ঃ জনাব শরিফ উদ্দিন সবুজ, সাধারন সম্পাদক, নারায়ণগঞ্জ প্রেসক্লাব।**

**প্রশ্নঃ** হকারদের বসার জন্য কোন জায়গা দেওয়া হবে কিনা?

জবাবঃ ডা. সেলিনা হায়াৎ আইভী, মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এ প্রশ্নের জবাবে বলেন যে, হকার উচ্ছেদ একটি সংবেদনশীল কার্যক্রম। তাই বিগত তত্বাবধায়ক সরকারের আমলে বাংলাদেশ সেনাবাহিনী এর সহযোগীতায় তৎকালীন নারায়ণগঞ্জ পৌরসভা এলাকার সকল হকারদের তালিকা প্রনয়ণ ও পূনঃবাসন করা হয়েছিল। কিন্তু হকার মার্কেটের দোকান বিক্রি করে হকার আবার ফুটপাতে ফিরে এসেছে। নারায়ণগঞ্জ শহরে এ হকারের সংখ্যা নিয়ে বিভিন্ন মহল হতে বিভ্রান্ত ছাড়ানো হলেও হকারের প্রকৃত সংখ্যা কম/বেশী দুই হাজার। এ মানুষগুলো ব্যবসার মান শহরের লক্ষ লক্ষ মানুষের স্বাভাবিক জীবনযাত্রাকে বিঘ্ন করছে। তাই নারায়ণগঞ্জ-৫ আসনের মাননীয় সংসদ সদস্যের প্রস্তাবের প্রেক্ষিতে সুনিদিষ্ট প্রস্তাব করেছি। আশা করি সংশ্লিষ্ট সবাই হকার সমস্যা স্থায়ী সমাধানের লক্ষ্যে কাজ করবেন।

**অংশগ্রহণকারী -৯ঃ জনাব আনোয়ার হোসেন, অভিবাবক প্রতিনিধি, নারায়ণগঞ্জ চারুকলা ইনসটিটিউট।**

**প্রশ্নঃ** চারুকলার সৌন্দর্য্যবর্ধন এর দাবী জানান।

**জবাবঃ** এ বিষয়ে মাননীয় মেয়র বলেন যে, এ পার্কের ভূমি উন্নয়ণ কাজ সমাপ্ত হলে পরিকল্পনার মাধ্যমে চারুকলা ইনসটিটিউট স্থানান্তর ও সৌন্দর্য্যবর্ধনের কাজ করা হবে।

**অংশগ্রহণকারী -১০ঃ জনাব রাশিদা জামাল, সভাপতি, জাতীয়তাবাদী মহিলা দল, নারায়ণগঞ্জ মহানগর।**

**প্রশ্নঃ** নারায়ণগঞ্জ শহরে পার্ক ও পাঠাগার নির্মাণের জন্য মাননীয় মেয়রকে ধন্যবাদ এবং মহিলা কমপ্লেক্স নির্মাণের দাবী জানান।

**জবাবঃ** মহিলা কমপ্লেক্স নির্মাণের বিষয়ে মাননীয় মেয়র বলেন যে, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন নারীর ক্ষমতায়ন ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। এ সকল কার্যক্রম পরিচালনার পাশাপাশি একটি মহিলা কমপ্লেক্স ও মহিলাদের জন্য আলাদা একটি মার্কেট নির্মাণের পরিকল্পনা রয়েছে।

**অংশগ্রহণকারী -১১ঃ জনাব আলী আকবর গফুর, ২০ নং ওয়ার্ডবাসি।**

**প্রশ্নঃ** ২০ নং ওয়ার্ডে হাসপাতাল নির্মাণের অনুরোধ?

**জবাবঃ** নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন ইতোমধ্যে ১টি মাতৃসদন ও ৩টি নগর স্বাস্থ্যসেবা কেন্দ্র চালু করেছে। এবছরের শেষ নাগাদ আরও মাতৃসদন ও স্বাস্থ্যসেবা কেন্দ্র চালু করার পরিকল্পনা রয়েছে।

**অংশগ্রহণকারী -১২ঃ জনাব আল-আমিন মিয়া, ১৮ নং ওয়ার্ডের নাগরিক।**

**প্রশ্নঃ** শীতলক্ষ্যা এবং শহিদ নগর এর মাঝে একটি খাল রয়েছে এই খালের উন্নয়ণের কোন পরিকল্পনা আছে কিনা?

**জবাবঃ** এ বিষয়ে মাননীয় মেয়র বলেন যে, শীতলক্ষ্যা খালের উপর সেতু নির্মাণ কাজ চলমান রয়েছে। এ সেতু নির্মাণ কাজ সমাপ্ত হলে এ খালের পাড় বাঁধাই, ঘাটলা নির্মাণ ও উভয় পাশে ওয়াক-ওয়ে নির্মাণের পরিকল্পনা রয়েছে।

**অংশগ্রহণকারী -১৩ঃ জনাব করিম মিয়া, ১৩৪ ডিএন রোড, নন্দীপাড়া, নারায়ণগঞ্জ।**

**প্রশ্নঃ** গ্যাসের সমস্যা সমাধানের দাবী জানান।

**জবাবঃ** তিতাস গ্যাস বিষয়ে মাননীয় মেয়র বলেন যে, গ্যাস সরবরাহ ও ব্যবস্থাপনা কাজ করার জন্য সরকারের একটি আলাদা প্রতিষ্ঠান রয়েছে, যা নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অধীনে নয়। তিতাস গ্যাস সরবরাহের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিভিন্ন সময় রোড কাটিং এর আবেদন করেন। এ বিষয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন সর্বাত্বক সহযোগীতা করে আসছে। কিন্তু গ্যাস সরবরাহের পরিমান কাঙ্খিত মাত্রায় উন্নতি করছেন। এ বিষয়টি যদিও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অন্তর্ভূক্ত নয়, কিন্তু নগরবাসীর চাহিদা বিবেচনা করে সংশ্লিষ্ট অফিসের সঙ্গে যোগাযোগের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করেন।

অংশগ্রহণকারী -১৪ঃ জনাব সৈকত, আমিরাবাদ, বন্দর, নারায়ণগঞ্জ।

**প্রশ্নঃ** মাদকের জন্য পদক্ষেপ গ্রহণের করার অনুরোধ?

**জবাবঃ** বর্তমানে মাদক একটি জাতীয় সমস্যা। এ সমস্যা সমাধানের জন্য প্রত্যেক অভিভাবককে সচেতন হওয়ার পাশাপাশি পঞ্চায়েতকে কার্যকর ভূমিকা পালনে অনুরোধ জানান। এছাড়াও মাননীয় মেয়র প্রত্যেক ওয়ার্ডের কাউন্সিলরকে মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য পরামর্শ প্রদান করেন।

**অংশগ্রহণকারী -১৫ঃ আব্দুল কাদির, সহ-সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ, নারায়ণগঞ্জ জেলা।**

**প্রশ্নঃ** পাইকপাড়া অংশের জিমখানার খাল সংস্কার ও সৌন্দর্য্যবর্ধনের কোন পরিকল্পনা আছে কিনা?

**জবাবঃ** এ প্রশ্নের জবাবে মাননীয় মেয়র বলেন যে, বাবুরাইল খাল পূনঃখনন, সৌন্দর্য্যবর্ধন, ওয়াক-ওয়ে নির্মাণ ও জিমখানা পার্ক নির্মাণ একটি বিশাল ব্যয় বহুল পরিকল্পনা। এ পার্ক নির্মাণ ও খাল খনন প্রকল্প বাস্তবায়ন শেষে পাইকপাড়া অংশের জিমখানা খাল সংস্কার ও সৌন্দর্যবর্ধন করা হবে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করেন।

**সমাপনী বক্তব্যঃ** মেয়র মহোদয় বলেন, শত ব্যস্ততার মধ্যে হাজার হাজার সম্মানিত নাগরিক যোগদান করে অনুষ্ঠানটিকে সাফল্য মন্ডিত করেছেন। তাই আপনাদের প্রতি আমি কৃতজ্ঞ। তিনি আরো বলেন যে, নারায়ণগঞ্জ শহরে রেলের কোটি কোটি টাকার সম্পদ প্রভাবশালীরা ভোগ করছে, অবৈধভাবে। কিন্তু সিটি কর্পোরেশন জনস্বার্থে আইন মেনে কাজ করতে গেলেও রেলওয়ে বাধা প্রদান করে একটি প্রভাবশালী মহলের ইশারায়। তারা নারায়ণগঞ্জের উন্নয়ণ চায় না। তারা শোষন করতে চায়, শাসন করতে চায়। কিন্তু আমার উন্নয়ণ কাজে বাধা দেওয়া হলে ফল ভালো হবে না। আমি গত ১৫ বছরে ষড়যন্ত্রের কাছে মাথা নত করি নাই এবং আগামীতেও করবো না। আপনাদের সাথে নিয়ে সকল বাধা উপেক্ষা করে জনস্বার্থে উন্নয়ণ কাজ করবো এবং নাগরিক সেবা দিয়ে যাব। তিনি আরো বলেন যে, শুধু এই অনুষ্ঠানের মাধ্যমে নয়, আমরা নগর তথ্যসেবা কেন্দ্র ও বিভিন্ন সভা/সেমিনারের মাধ্যমে স্বচ্ছতার পরীক্ষা দিচ্ছি এবং উত্তীর্ন হয়েছি। তাই আপনারা সাথে থাকবেন, সকল বাধা অতিক্রম করবো। সর্বশেষে তিনি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করার অনুরোধ এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

-- আল্লাহ্ হাফেজ।

(এ,এফ,এম,এহতেশামূল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোনঃ ৭৬৩৩৪২৩
e-mail: ceo@ncc.gov.bd

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

নগরভবন, ১০ বঙ্গবন্ধু রোড
নারায়ণগঞ্জ
www.ncc.gov.bd

## ০৯ ই জানুয়ারী ২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" এর প্রতিবেদন।

১। জনগণের অংশগ্রহণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠানে অত্র সিটি কর্পোরেশনের কয়েক হাজার বিভিন্ন পেশা ও বয়সের সম্মানিত নাগরিক এবং সাংবাদিকবৃন্দ উপস্থিত হন। বিকাল ০৩:০০ ঘটিকায় মাননীয় মেয়র, কাউন্সিলরবৃন্দ ও সম্মানিত নাগরিকগনের আসন গ্রহণের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন ডাঃ সেলিনা হায়াৎ আইভী, মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনাবিদ জনাব মোঃ মঈনুল ইসলাম।

২। **জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন অনুষ্ঠানে আলোচ্যসূচী ছিল নিম্নরূপঃ**

(ক) সিজিপি (সিটি গর্ভনেন্স প্রকল্প) সম্পর্কে আলোচনা।
(খ) ট্যাক্স সম্পর্কিত আলোচনা।
(গ) ই-গভার্নেন্স।
(ঘ) পরিবেশ ও উন্নয়ণ।
(ঙ) নারীর ক্ষমতায়ন।
(চ) নাগরিক সেবা।
(ছ) চলমান উন্নয়ণ প্রকল্প।
(জ) ভবিষ্যৎ উন্নয়ণ প্রকল্প।
(ঝ) বিবিধ।

৩। জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন অনুষ্ঠান শেষে অতিথি ও স্টেকহোল্ডার সংগঠনের প্রতিনিধিদের কাছ থেকে ইভেন্ট সম্পর্কে মন্তব্য।

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | মোঃ নিজাম উদ্দিন<br>শিক্ষকতা | আজকের অনুষ্ঠানটি খুবই আনন্দ দায়ক। |
| ০২ | আলহাজ্ব জালাল উদ্দিন<br>লেখালেখি (সদস্য, বাংলা একাডেমি) | অনুষ্ঠানটির মাধ্যমে সরাসরি মেয়র ও সাধারন জনগণের সামনে সমস্যা উপস্থাপন করা যায়। |
| ০৩ | জনাব মোঃ আবুল কাশেম<br>ব্যবসা | সিটি কর্পোরেশন কর্তৃক আয়োজিত জনতার মুখোমুখি অনুষ্ঠান একটি ভালো উদ্যোগ। |
| ০৪ | মোঃ শুকুর মাহমুদ জুয়েল<br>চাকুরী | খুব ভাল অনুষ্ঠান। |
| ০৫ | এম, এম হানিফুল কবির<br>ব্যবসায়ী | এতে জনগণকে সাহসী করে তোলা হচ্ছে, এতে মানুষ সচেতন হয়ে উঠছে। |

| | | |
|---|---|---|
| ০৬ | রেশমা আহমেদ সুরমা<br>গৃহিনী | ভাল হয়েছে অনুষ্ঠান। |
| ০৭ | নাজমা বেগম<br>এনজিও কর্মী | যেহেতু আমি দীর্ঘদিন এনজিও কাজের সাথে জরিত, তাই আমি জনসাধারনের অংশগ্রহন মূলক কাজকে প্রাধান্য দিয়ে থাকি। |
| ০৮ | জাহানারা বেগম<br>সংগঠক | মেয়র ম্যাডাম আসাতে খুব উপকার হচ্ছে। |
| ০৯ | মোঃ এমরাজ হোসেন প্রধান<br>ব্যবসা | অনেক ভাল হয়েছে, এ ধরনের অনুষ্ঠান প্রতি বছর হওয়া উচিৎ। |
| ১০ | মোঃ জাকির হোসেন<br>ব্যবসা | এই জনতার মুখোমুখি অনুষ্ঠান নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর উন্নয়ণ আরো এগিয়ে নিয়ে যাবে বলে আমি মনে করি। এই ধরনের অনুষ্ঠান অন্তত বছরে ২ বার করা উচিত। |
| ১১ | সুফিয়া<br>পিঠা বিক্রেতা | খুব ভাল হয়েছে। |
| ১২ | আফজাল হোসেন পন্টি<br>সাংবাদিক | সুন্দর ও সময়োপযোগী উদ্যোগ। এর ফলে জবাবদিহিতা নিশ্চিত হয় এবং জন প্রতিনিধিদের উপর একটি ইতিবাচক চাপ তৈরী করে, যা উন্নয়ন ও গনতন্ত্রের জন্য সহায়ক। |
| ১৩ | মোঃ আবুল হোসেন<br>ব্যবসায়ী | প্রশংসাযোগ্য কাজ। এই ধরনের পদক্ষেপের ফলাশ্রুতিতে জনসাধারন সিটি কর্পোরেশনের কর্মকান্ড সম্পর্কে যথাযথ ভাবে অভিহিত হবে। |
| ১৪ | হাশেম আলী<br>ব্যবয়ায়ী | খুবই ভাল একটি উদ্যোগ। আমার খুব ভালই লেগেছে। এটি যেন প্রতি বছর অনুষ্ঠিত হয়। |
| ১৫ | মাহফুজুর রহমান<br>চাকুরী | এরকম উদ্যোগ ভাল ও গ্রহনযোগ্য পাবে। দেশের সকল মেয়র এরকম উদ্যোগ নিলে জনগন আরো সচেতন হবে। |
| ১৬ | মোঃ নূর হোসেন (মুন্না)<br>ব্যবসায়ী | প্রতিটি কাজেই স্বচ্ছতা এবং জবাবদিহিতা অনেক সুন্দর এবং এমন সাহসী উদ্যোগ ব্যক্তিগত ভাবে আমি সাধুবাদ জানাই। |
| ১৭ | উম্মে হাবিবা রানু<br>ছাত্রী | খুবই ভাল একটি উদ্যোগ। এই অনুষ্ঠানটি আমার খুবই ভাল লেগেছে। |
| ১৮ | মোঃ রফিকুল ইসলাম(সজল)<br>চাকরী | নাই। |
| ১৯ | মোঃ আজহার হোসেন।<br>ব্যবসায়ী | এ ধরনের উদ্যোগ প্রশংসনীয়, প্রতি বছর এ ধরনের অনুষ্ঠান কর্মসূচি রাখা। |
| ২০ | মোঃ হযরত আলী<br>ব্যবসায়ী | সুন্দর পরিবেশে জনতার মুখোমুখি অনুষ্ঠানটি উপভোগ করলাম এবং সিটি কর্পোরেশন এর বর্তমান ও ভবিষ্যৎ উন্নয়ন কর্মকান্ড সমন্ধে জানতে পারলাম। তবে যানজট নিরষনের লক্ষে আরোও কাজ করা দরকার। |

৪। জনগনের প্রতিক্রিয়ার (মতামত,দাবী/অভিযোগ) বর্ণনা।

| ক্রঃ নং | পদবী ও নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | মোঃ নিজাম উদ্দিন<br>শিক্ষকতা | (ক) হকার উচ্ছেদ।<br>(খ) মাদক নির্মূল।<br>(গ) শিশু শিক্ষা। |

| | | |
|---|---|---|
| ০২ | আলহাজ্ব জালাল উদ্দিন<br>লেখালেখি (সদস্য, বাংলা একাডেমি) | (ক) বর্জ্য ব্যবস্থাপনা।<br>(খ) ওয়াসার পানি।<br>(গ) খেলার মাঠ। |
| ০৩ | জনাব মোঃ আবুল কাশেম<br>ব্যবসা | (ক) মৌলিক চাহিদা দেয়া হচ্ছে কিনা।<br>(খ) নাগরিক অধিকার সমূহ যাচাই করন তৃনমূল পর্যায় থেকে। |
| ০৪ | মোঃ শুকুর মাহমুদ জুয়েল<br>চাকুরী | (ক) হকার উচ্ছেদ।<br>(খ) মাদক নির্মূল।<br>(গ) উন্নয়ন কর্মকান্ড। |
| ০৫ | এম, এম হানিফুল কবির<br>ব্যবসায়ী | (ক) ওয়ার্ড ভিত্তিক পাঠাগার স্থাপন।<br>(খ) বর্জ্য ব্যবস্থাপনার জন্য উন্নত ব্যবস্থা করা।<br>(গ) মাদক বিরোধী সভার ব্যবস্থা করা। |
| ০৬ | রেশমা আহমেদ সুরমা<br>গৃহিনী | (ক) পার্কের ব্যবস্থা করা।<br>(খ) প্রস্রাব পায়খানার সু-ব্যবস্থা করা।<br>(গ) খাওয়ার পানির সু-ব্যবস্থা করা। |
| ০৭ | নাজমা বেগম<br>এনজিও কর্মী | (ক) নারী ও শিশু নির্যাতন রোধ প্রসঙ্গে।<br>(খ) মাদক নিরাময় সম্পর্কে আলোচনা।<br>(গ) হকার উচ্ছেদ এবং পূনর্বাসন প্রসঙ্গে। |
| ০৮ | জাহানারা বেগম<br>সংগঠক | (ক) পার্কের ব্যবস্থা করা।<br>(খ) প্রস্রাব পায়খানার সু-ব্যবস্থা করা।<br>(গ) খাওয়ার পানির সু-ব্যবস্থা করা। |
| ০৯ | মোঃ এমরাজ হোসেন প্রধান<br>ব্যবসা | উন্নয়ন মূলক কাজ ভাল হয়েছে। |
| ১০ | মোঃ জাকির হোসেন<br>ব্যবসা | হকার পূনর্বাসন করা। তবে নির্দিষ্ট জায়গায় জনগনের চলার পথে ফুটপাথ নহে। |
| ১১ | সুফিয়া<br>পিঠা বিক্রি | (ক) এলাকা সুন্দর হলে ভাল হবে।<br>(খ) গরিব মানুষের দিকে দেখাশুনা করলে ভাল হবে।<br>(গ) বাস স্থানের সু- ব্যবস্থা করলে ভাল হবে। |
| ১২ | আফজাল হোসেন পন্টি<br>সাংবাদিক | সি সি র অনলাইন ভিত্তিক সেবা এবং বিভিন্ন উন্নয়ন কর্মকান্ড করা এবং কি বাধা রয়েছে এসব<br>বিষয়ে আলোচনা দরকার, ফলে সচেনতা তৈরী হবে। |
| ১৩ | মোঃ আবুল হোসেন<br>ব্র্যবসায়ী | ট্রাফিক জ্যাম, হকার সমস্যা, নিয়মিত শহর পরিস্কার কার্যক্রম আরো জোরদার করা। |
| ১৪ | হাশেম আলী<br>ব্যবয়ায়ী | (ক) শীতলক্ষ্যা ব্রীজ নিয়ে আলোচনা।<br>(খ) নগর পরিকল্পনা নিয়ে আলোচনা। |
| ১৫ | মাহফুজুর রহমান<br>চাকুরী | (ক) শিশু নির্যাতন।<br>(খ) নারী নির্যাতন।<br>(গ) মাদক নিরাময়। |

| | | |
|---|---|---|
| ১৬ | মোঃ নূর হোসেন (মুন্না)<br>ব্যবসায়ী | (ক) হকার উচ্ছেদ।<br>(খ) মাদক নির্মূল।<br>(গ) শিশু শিক্ষা। |
| ১৭ | উম্মে হাবিবা রানু<br>ছাত্রী | (ক) শীতলক্ষ্যা ব্রীজ নির্মাণ বিষয়ে।<br>(খ) নারী শিক্ষা।<br>(গ) শিশু শিক্ষা। |
| ১৮ | মোঃ রফিকুল ইসলাম (সজল)<br>চাকরী | সব বিষয়ে আলোচনা প্রয়োজন। |
| ১৯ | মোঃ আজহার হোসেন।<br>ব্যবসায়ী | উন্নয়ন কাজে সাধারন জনগনের মতামত নেওয়া এবং জবাবদিহিতা নিশ্চিত করা। |
| ২০ | মোঃ হযরত আলী<br>ব্যবসায়ী | (ক) চিকিৎসা।<br>(খ) যোগাযোগ। |

৫। "জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠানের প্রস্তাবিত বাজেট ও প্রকৃত ব্যয় ঃ

| ক্রঃ নং | আইটেম | প্রস্তাবিত বাজেট | প্রকৃত ব্যয় |
|---|---|---|---|
| ০১ | ডেকোরেশন | ১,৫৭,০৮১/- | ১,৪৭,০৮১/- |
| ০২ | স্টার প্রেজেন্টেশন (এলইডি স্ক্রিন, জেনারেটর) | ২,২০,৫০০/- | ২,০৭,৫০০/- |
| ০৩ | দর্পন প্রিন্টিং (দাওয়াত কার্ড) | ৫৫,৩১০/- | ৫০,৩১০/- |
| ০৪ | ডি জে সাউন্ড | ৬৮,০০০/- | ৬৫,০০০/- |
| ০৫ | নারায়ণগঞ্জ সংগীত একাডেমী | ৩০,০০০/- | ৩০,০০০/- |
| ০৬ | সাউন্ড সিস্টেম | ২০,০০০/- | ১৯,০০০/- |
| ০৭ | সুগন্ধা ফুল | ২১,০০০/- | ২০,০০০/- |
| ০৮ | অন্যান্য | ২৮,১০৯/- | ২৬,৯০০/- |
| | মোট = | ৬,০০,০০০/- | ৫,৬৫,৭৯১/- |

৬। প্রশ্নাবলী সংক্রান্ত সংক্ষিপ্ত ফলাফলঃ- সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ ও কার্যক্রম সম্পর্কে সঠিক ধারনা ও দাবীসমূহ বাস্তবায়নের সম্ভাব্য সময় সম্পর্কে জনগন অবগত হলেন।

৭। অংশগ্রহণকারী ঃ-

| ক্রঃ নং | অংশগ্রহণকারীর ধরন | সংস্থা (সংখ্যায়) | প্রধান প্রধান নাম |
|---|---|---|---|
| ০১ | আমন্ত্রিত অতিথি | ১৬০০ | সিএসসিসি, সিডিসিসি, ডব্লিউএলসিসি, পঞ্চায়েত কমিটি, ও নাগরিক বৃন্দ। |
| ০২ | জাতীয় সংস্থা | ৬০ | জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, এলজিইডি, মহিলা পরিষদ, রাজনৈতিক দল ও অন্যান্য। |
| ০৩ | প্রাইভেট সেক্টর | ২৬০ | চেম্বর অফ কমার্স, বি.কে.এম.ই.এ, হোসিয়ারী মালিক সমিতি, ইয়াং মার্চেন্ট এসোসিয়েশন, বাস মালিক সমিতি, রেস্তোরা মালিক সমিতি, লবন মালিক সমিতি ও অন্যান্য। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | বেসরকারী সংস্থা | ২০০ | আশা, ব্রাক, এইড বাংলাদেশ, গ্রামীন ব্যাংক, সাজেদা ফাউন্ডেশন, বি.এম.এ, ফুটবল এসোসিয়েশন, বঙ্গবীর সংসদ, নারায়ণগঞ্জ হার্ড ফাউন্ডেশন, উত্তরণ সংসদ ও অন্যান্য। |
| ০৫ | অন্যান্য সংস্থা | ১৮০ | নাগরিক কমিটি, প্রেসক্লাব, আমরা নারায়ণগঞ্জবাসী, সিডিসি, বস্তি উন্নয়ন ফেডারেশন, সিডিসি, খেলাঘর, সম্মিলিত সাংস্কৃতিক জোট, বার এসোসিয়েশন, শিক্ষক সমিতি ও অন্যান্য। |

"জনতার মুখোমুখি সিটি কর্পোরেশন" অনুষ্ঠান শেষে বিভিন্ন পেশা ও বয়সের ২০ জন অংশগ্রহণকারীর সাক্ষাতকার গ্রহণ করা হয়, যার ভিত্তিতে এ প্রতিবেদন প্রস্তুত করা হলো।

(এ,এফ,এম, এহতেশামূল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
ফোনঃ ৭৬৩৩৪২৩
e-mail: ceo@ncc.gov.bd